

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০৪৯

আগরতলা, ১৩ জুন, ২০২৬

রাজ্যের প্রাক্তন মন্ত্রী ফয়জুর রহমানের
মৃত্যুতে মুখ্যমন্ত্রীর শোক

রাজ্যের প্রাক্তন মন্ত্রী ফয়জুর রহমানের মৃত্যুতে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ফয়জুর রহমান রাজ্যের সর্বস্তরের মানুষের কাছে একজন নিষ্ঠাবান ও সজ্জন ব্যক্তি হিসেবে পরিচিত ছিলেন। মন্ত্রী হিসেবে দায়িত্ব পালনকালে তিনি রাজ্যের জনগণের কল্যাণে গুরুত্বপূর্ণ ও বলিষ্ঠ ভূমিকা পালন করেছিলেন। তাঁর প্রয়াণে রাজ্যের রাজনৈতিক অঙ্গন একজন প্রাজ্ঞ ও অভিজ্ঞ নেতৃত্বকে হারালো।

মুখ্যমন্ত্রী প্রয়াত ফয়জুর রহমানের বিদেহী আত্মার সদৃগতি কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।
